# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

---

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, আসমান ও যমীন এবং তাদের মধ্যবর্তী সবকিছু কে পরিচালনা করেন?

উত্তর: বল, যিনি আসমান, যমীন ও তাদের মধ্যবর্তী সবকিছু পরিচালনা করেন তিনি হলেন এক আল্লাহ। তার কোনো শরীক নেই। তিনি ব্যতীত কোনো মালিক নেই। তার কোনো শরীক নেই এবং কোনো সাহায্যকারী-সহযোগিতা-কারী নেই। তিনি পবিত্র ও প্রশংসার যোগ্য। আল্লাহ তা‘আলা বলেন,

﴿قُلِ ٱدۡعُواْ ٱلَّذِينَ زَعَمۡتُم مِّن دُونِ ٱللَّهِ لَا يَمۡلِكُونَ مِثۡقَالَ ذَرَّةٖ فِي ٱلسَّمَٰوَٰتِ وَلَا فِي ٱلۡأَرۡضِ وَمَا لَهُمۡ فِيهِمَا مِن شِرۡكٖ وَمَا لَهُۥ مِنۡهُم مِّن ظَهِيرٖ ٢٢﴾ [سبا: ٢٢]

“বল, তোমরা আল্লাহ ছাড়া যাদেরকে ইলাহ মনে করতে তাদেরকে আহ্বান করো। তারা আসমানসমূহ ও জমিনের মধ্যে অণু পরিমাণ কিছুর মালিক নয়। আর এ দু’য়ের মধ্যে তাদের কোনো অংশীদারিত্ব নেই এবং তাদের মধ্য থেকে কেউ তার সাহায্যকারীও নয়”। [সূরা সাবা, আয়াত: ২২]

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=9964

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন